



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)
চেয়ারম্যান দপ্তর
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.badc.gov.bd



স্মারক নং-১২.০৬.০০০০.২০১.১৮.০০১.২৫.১৩

তারিখঃ ১৫ মার্চ ২০২৬
০১ চৈত্র ১৪৩২

অফিস আদেশ

সুনির্দিষ্ট সময়ে ও সুশৃঙ্খল পদ্ধতিতে দাপ্তরিক কার্য সম্পাদনের/নিষ্পত্তির উপর প্রতিষ্ঠানের ভাবমূর্তি এবং নাগরিক সেবা নিশ্চিতকরণ নির্ভরশীল। পাবলিক প্রকিউরমেন্ট রুলস (PPR) অনুযায়ী ক্রয়কারী সংস্থা বা Head of Procuring Entity (HOPE)-এর প্রধান দায়িত্ব হলো স্বচ্ছতা ও প্রতিযোগিতার মাধ্যমে নিরপেক্ষভাবে পণ্য, কার্য বা সেবা ক্রয় নিশ্চিত করা এবং আইনের যথাযথ প্রয়োগের মাধ্যমে সরকারি অর্থের সর্বোচ্চ শাসনীয় ব্যবহার নিশ্চিত করা। লক্ষ্য করা যাচ্ছে যে, ইজিপিতে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অনুমোদন অথবা দরপত্র মূল্যায়ন কমিটির রিপোর্ট (কার্যাদেশ প্রদান) অনুমোদন বা iBAS++ এ চূড়ান্ত বিল চেয়ারম্যান কর্তৃক অনুমোদনের জন্য প্রেরিত সিস্টেমে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত পাওয়া যায়না। ক্রয় প্রক্রিয়ার প্রতিটি ধাপের স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে এবং অনুমোদনকারী কর্তৃপক্ষের সঠিক দায়িত্ব পালনের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত নির্দেশনা দেয়া যাচ্ছে:

(ক) ইজিপিতে HOPE কর্তৃক অনুমোদনের জন্য প্রেরিত সিস্টেমে বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি) অথবা দরপত্র মূল্যায়ন কমিটির রিপোর্ট এর সাথে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল কাগজপত্র ইজিপি সিস্টেমের মধ্যেই আপলোড করে দিতে হবে। সংশোধিত ক্রয় পরিকল্পনা বা আরএপিপি এর ক্ষেত্রে অবশ্যই পূর্বের অনুমোদিত এপিপি সংযুক্ত করতে হবে। সিস্টেমের মধ্যে আপলোড করার সুযোগ না থাকলে আলাদাভাবে চেয়ারম্যানের ই-মেইলে বা হোয়াটসএপে সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রেরণ করতে হবে।

(খ) iBAS++ এ ইএফটি করার জন্য চেয়ারম্যান বরাবর যে বিলগুলো পাঠানো হয় উক্ত বিলের সাথে সংশ্লিষ্ট আরসিএ অফিস থেকে অবশ্যই কাজ সমাপ্তির প্রয়োজনীয় তথ্যসহ নির্ধারিত ফরম্যাটে প্রত্যয়ন পাঠাতে হবে। iBAS++ সিস্টেমের মধ্যে উক্ত ডকুমেন্টস আপলোড করার সুযোগ না থাকলে আলাদাভাবে চেয়ারম্যানের ই-মেইলে বা হোয়াটসএপে সংশ্লিষ্ট প্রয়োজনীয় ডকুমেন্টস প্রেরণ নিশ্চিত করতে হবে।

(মোঃ আজিজুল ইসলাম)
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২২২৩৩৮৪৩৫৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সদস্য পরিচালক (সকল), বিএডিসি, ঢাকা।
- ২। সচিব/মহাব্যবস্থাপক(সকল)/প্রধান প্রকৌশলী(সকল)/নিয়ন্ত্রক(হিসাব/অডিট)/প্রধান(পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক (সকল) / যুগ্ম-পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল)/ মাঠ পর্যায়ের অফিস প্রধান (সকল), বিএডিসি ।
- ৪। বিএডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলঃ

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।